



নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৮.২৩-৭২৭

তারিখঃ ০১ অগ্রহায়ণ ১৪৩০
১৬ নভেম্বর ২০২৩

বিষয়ঃ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচনি এলাকায় বিদ্যমান সকল প্রকার নির্বাচনি প্রচারণা সামগ্রী অপসারণ


সূত্রঃ (১) নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৯.২৩-৭২২ তারিখ: ১৫ নভেম্বর ২০২৩
(২) একাদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রস্তুতিমূলক কার্যক্রম গ্রহণ উপলক্ষে ০১ নভেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী (নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৭.২২-৬৯০ তারিখ: ০৭ নভেম্বর ২০২৩)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে ১৫ নভেম্বর ২০২৩ তারিখে সময়সূচি ঘোষণা করা হয়েছে (সময়সূচির প্রজ্ঞাপনঃ পরিশিষ্ট-‘ক’)। সম্ভাব্য প্রার্থীগণের পোস্টার, ব্যানার, দেয়াল লিখন, বিলবোর্ড, গেইট, তোরণ বা ঘের, প্যান্ডেল ও আলোকসজ্জা ইত্যাদি প্রচার সামগ্রী ও নির্বাচনি ক্যাম্প থাকলে সেগুলো অপসারণ করার জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন। এ লক্ষ্যে সম্ভাব্য প্রার্থীগণের উক্তরূপ নির্বাচনি প্রচারণা সামগ্রী থাকলে তা সংশ্লিষ্ট ব্যক্তিগণকে নিজ খরচে অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় নির্বাচন কমিশন নির্দেশ প্রদান করেছেন। এ লক্ষ্যে সিটি কর্পোরেশন, পৌরসভাসহ বিভিন্ন স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান প্রয়োজন।

০২। বর্গিতাবস্থায়, নির্ধারিত সময়ে উপর্যুক্ত প্রচারণা সামগ্রীসমূহ অপসারণ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে সিটি কর্পোরেশন, পৌরসভাসহ বিভিন্ন স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে নির্দেশ প্রদানের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৮.২৩-৭২৭


২৬/১১/২০২৩

(মোঃ আতিয়ার রহমান)

উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা

ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)

E-mail: sasemcl@gmail.com

তারিখঃ ০১ অগ্রহায়ণ ১৪৩০
১৬ নভেম্বর ২০২৩

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা
২. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৩. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/ জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৪. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
৫. বিভাগীয় কমিশনার,(সকল) [উপর্যুক্ত প্রচারণা সামগ্রীসমূহ যথাযথভাবে অপসারণের লক্ষ্যে সিটি কর্পোরেশন, পৌরসভাসহ বিভিন্ন স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে প্রয়োজনীয় সংখ্যক নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগপূর্বক আইনগত সহায়তা প্রদানের অনুরোধ করা হলো।]
৬. উপ মহাপুলিশ পরিদর্শক,(সকল রেঞ্জ)
৭. পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ (সকল) [উপর্যুক্ত প্রচারণা সামগ্রীসমূহ যথাযথভাবে অপসারণের লক্ষ্যে সিটি কর্পোরেশন কর্তৃপক্ষকে প্রয়োজনীয় সংখ্যক ফোর্স সরবরাহপূর্বক সহায়তা প্রদানের অনুরোধ করা হলো।]

অফিসের ঠিকানাঃ


নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

৮. জেলা প্রশাসক, (সকল) ও রিটার্নিং অফিসার
৯. প্রধান নির্বাহী কর্মকর্তা,সিটি কর্পোরেশন (সকল) [প্রচার সামগ্রী অপসারণ সংক্রান্ত উল্লিখিত নির্দেশনা জরুরীভিত্তিতে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।]
১০. পুলিশ সুপার,(সকল) [উপর্যুক্ত প্রচারণা সামগ্রীসমূহ যথাযথভাবে অপসারণের লক্ষ্যে সিটি কর্পোরেশন, পৌরসভাসহ বিভিন্ন স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে প্রয়োজনীয় সংখ্যক ফোর্স সরবরাহপূর্বক সহায়তা প্রদানের অনুরোধ করা হলো।]
১১. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,(সকল)
১২. উপজেলা নির্বাহী অফিসার,(সকল) ও সহকারী রিটার্নিং অফিসার
১৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, পৌরসভা (সংশ্লিষ্ট) [প্রচার সামগ্রী অপসারণ সংক্রান্ত উল্লিখিত নির্দেশনা জরুরীভিত্তিতে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।]
১৪.ও সহকারী রিটার্নিং অফিসার
১৫. জেলা তথ্য অফিসার,(সকল) [প্রচার সামগ্রী অপসারণ সংক্রান্ত উল্লিখিত নির্দেশনা ব্যাপক প্রচারের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো।]
১৬. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের-একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৭. মাননীয় নির্বাচন কমিশনার জনাব -এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৯. অফিসার ইনচার্জ,(সকল)
২০. সচিব, পৌরসভা (সংশ্লিষ্ট) [প্রচার সামগ্রী অপসারণ সংক্রান্ত উল্লিখিত নির্দেশনা জরুরীভিত্তিতে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।]



মোহাম্মদ মোরশেদ আলম
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০
E-mail: sasemc1@gmail.com